

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।
www.debendracollege.gov.bd

নং-সদেক/২০২৫/প্রশাঃ/এন-২/১৬৮

তারিখ : ১৫-০৭-২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি


এতদ্বারা সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ-এর সকল শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী জুলাই-আগষ্ট গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষ্যে জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক রচনা/নিবন্ধ লিখন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত লিখন কার্যক্রমে অংশগ্রহণেচ্ছুক শিক্ষার্থীদের স্বহস্তে লিখিত রচনা/নিবন্ধ আগামী ২২-০৭-২০২৫ তারিখের মধ্যে জনাব মোহাম্মদ আনছার উদ্দিন, সহকারী অধ্যাপক, বাংলা-এর নিকট জমা দেয়ার জন্য আহ্বান করা হলো।

প্রতিযোগিতা

	বিষয়
রচনা/নিবন্ধ (সর্বোচ্চ ১৫০০ থেকে ২০০০ শব্দ)	‘আমার দেখা জুলাই-আগষ্ট গণঅভ্যুত্থান’

প্রতিযোগিতার নিয়মাবলীঃ সংযুক্ত কপি।

যোগাযোগঃ হোয়াটসঅ্যাপ নং-০১৬২১৬১২৫৭২, গ্রুপের নামঃ জুলাই অভ্যুত্থান-২০২৪


(প্রফেসর মোঃ শহীদুজ্জামান)

আইডি নং-১০৫১

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ

প্রফেসর মোঃ শহীদুজ্জামান

আইডি নং-১০৫১

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

- ০১। উপাধ্যক্ষ, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
- ০২। বিভাগীয় প্রধান (সকল), সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
- ০৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
- ০৪। সংরক্ষণ নথি।


15.07

জাতীয় গ্রন্থকেন্দ্র

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৫/সি শহীদ আবরার ফাহাদ এভিনিউ, ঢাকা-১০০০

পিএবিএক্স (অটো): ২২৩৩৮৫৭৪৩, ২২৩৩৫০৫৮২ ফ্যাক্স: ২২৩৩৫২২১১

E-mail: office@jgk.gov.bd Web: www.jgk.gov.bd

স্মারক: ৪৩.২৭.০০০০.১০৪.২৯.০০৫.২৩. ৫৬৬

তারিখ: ১০ জুলাই ২০২৫

বিষয়: জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান স্মরণে জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত রচনা/নিবন্ধ লিখন কর্মসূচিতে অংশগ্রহণের আমন্ত্রণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষ্যে জাতীয় গ্রন্থকেন্দ্র থেকে এক রচনা/নিবন্ধ লিখন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সানন্দে জানাচ্ছি যে, আপনার সানুগ্রহ সম্মতি পরিপ্রেক্ষিতে এ কার্যক্রমের অংশীজন হিসেবে আপনার স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত/মনোনীত করা হয়েছে।

০২। উল্লেখ্য, বর্ণিত কার্যক্রমের অংশীজন হিসেবে আপনার শিক্ষাপ্রতিষ্ঠানের একাদশ থেকে তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষার্থীবৃন্দকে এ কার্যক্রমে অংশগ্রহণের আমন্ত্রণ জানাচ্ছি এবং এ লক্ষ্যে কার্যক্রম-সংশ্লিষ্ট নিম্নবর্ণিত বিষয়সমূহ আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা/কার্যক্রম গ্রহণের নিমিত্ত উপস্থাপন করছি-

(১) রচনা/নিবন্ধের বিষয় 'আমার দেখা জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান';

(২) একাদশ থেকে তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষার্থীবৃন্দ এই কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন;

(৩) প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীবৃন্দ 'জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান ২০২৪' নিয়ে তার অনুভূতি এবং উপলব্ধি রচনা/নিবন্ধ আকারে লিখে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের মাধ্যমে জাতীয় গ্রন্থকেন্দ্রে প্রেরণ করবেন। রচনা/নিবন্ধের পরিসর হবে সর্বোচ্চ ১,৫০০ থেকে ২,০০০ শব্দ;


(৪) ২৪ জুলাই ২০২৫ বিকেল ৫.০০টার মধ্যে শিক্ষার্থীদের লেখা (রচনা A4 সাইজের সাদা কাগজের কেবল এক পৃষ্ঠায় শিক্ষার্থীর নিজ হাতে লেখা এবং কাগজের উপরের দিকে এক ইঞ্চি ও বাম পাশে এক ইঞ্চি পরিসরে মার্জিন রেখে) জাতীয় গ্রন্থকেন্দ্রের ঠিকানায় কুরিয়ারের মাধ্যমে পাঠাতে হবে এবং হোয়াটসঅ্যাপ গ্রুপে (শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ থেকে দায়িত্বপ্রাপ্ত ১/২ জন সম্মানিত শিক্ষক মহোদয়ের হোয়াটসঅ্যাপ নম্বর একত্রে একটি হোয়াটসঅ্যাপ গ্রুপ খোলা হবে) কুরিয়ার সার্ভিসের রশিদের ছবি আপলোড করার মাধ্যমে রচনা/নিবন্ধ পাঠানোর বিষয়টি জাতীয় গ্রন্থকেন্দ্রকে নিশ্চিত করতে হবে;

(৫) সকল রচনা/নিবন্ধ হাতে পাওয়ার পর জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক গঠিত একটি মূল্যায়ন কমিটির মাধ্যমে প্রাপ্ত রচনা/নিবন্ধ মূল্যায়নপূর্বক সেরা ৫০টি লেখা নির্বাচন করা হবে এবং হোয়াটসঅ্যাপ গ্রুপের মাধ্যমে শিক্ষাপ্রতিষ্ঠানসমূহকে তা জানিয়ে দেওয়া হবে;

(৬) নির্বাচিত সেরা ৫০ জন পাঠক/শিক্ষার্থীকে 'আগস্ট ২০২৫' মাসের দ্বিতীয় সপ্তাহের সুবিধাজনক একটি তারিখে জাতীয় গ্রন্থকেন্দ্রে অনুষ্ঠেয় একটি অনুষ্ঠানের মাধ্যমে সনদপত্র ও পুরস্কার প্রদান করা হবে। এছাড়া, পরবর্তী সময়ে ৫০টি সেরা লেখা নিয়ে জাতীয় গ্রন্থকেন্দ্র থেকে একটি সংকলন প্রকাশের পরিকল্পনাও আমাদের রয়েছে;

০৩। রচনা/নিবন্ধ লিখন কার্যক্রমের প্রাসঙ্গিক বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগের জন্য একজন ফোকাল পয়েন্ট শিক্ষকের নাম জরুরিভিত্তিতে জাতীয় গ্রন্থকেন্দ্রে প্রেরণ করার জন্য সবিনয় অনুরোধ করা হলো। সবিশেষ উল্লেখ্য, জাতীয় গ্রন্থকেন্দ্রের পক্ষে ফিল্ড অফিসার জনাব আফছানা আক্তার (মোবাইল: ০১৭১১-০৯১৬০৮; ই-মেইল fdo@jgk.gov.bd) রচনা/নিবন্ধ লিখন কার্যক্রমে সমন্বয়কের দায়িত্ব পালন করছেন।

০৪। পাঠ-কার্যক্রমটি বাস্তবায়নে আপনার ঐকান্তিক সহযোগিতা ও আন্তরিকতা কামনা করছি।


10.07.25
(আফসানা বেগম)
পরিচালক

অধ্যক্ষ

রতনেশ্বরী দেবেন্দ্র কলম্বো

মাননিকজন।